পরিকল্পনা বিভাগের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	পরিকল্পনা বিভাগ	০৪টি	০৪	-	-	০১	০১	সর্বনিম্ন-১১২.৫% সর্বোচ্চ-১১২.৫%	০১	সর্বনিম্ন-২১.৬৬% সর্বোচ্চ-২১.৬৬%

১.০ সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৪ টি।

২.০ সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: বাস্তবায়ন পর্যায়ে কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৩.০ সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে **প্রধান প্রধান** সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
৩.১) প্রকল্পের নামঃ ভৌত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী শক্তিশালীকরণ **(২য় পর্যায়)**	
৩.১.১) তথ্যপ্রযুক্তির মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকল্পে এনএপিডি'র প্রশিক্ষণ সংক্রান্তসক্ষমতা বৃদ্ধির নিমিত্ত কম্পিউটার ল্যাব স্থাপন, ডেস্কটপ কম্পিউটার-১১০টি, সার্ভার-২টি, ল্যাপটপ-৩৪টি, ইউপিএস-১২১টি, এমএমপি-১৩টি, মাল্টিমিডিয়া ক্যামেরা-৭টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-৭টি, ল্যাজার প্রিন্টার-১২টি, হ্যাভি ডিউটি লেজার প্রিন্টার-৪টি, কালার প্রিন্টার-২টি, কম্পিউটার চেয়ার টেবিল-১০২সেট, স্ক্যানার-১২টি, ওয়েব ক্যামেরা-৬২টিএবংঅডিওভিজুয়াল যন্ত্রপাতি সরবরাহ করার রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায় ;	৩.১.১) সরবরাহকৃত ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, এসি, ফ্যাক্স মেশিন, ভল্টেজ স্টেবলাইজার, স্ক্যানার, সার্ভার এবং বেক-আপ ডিভাইস, ভিডিও কনভারেন্স ডিভাইস, স্ক্রিনসহ প্রোজেক্টর, সৌর প্যানেল, লিফট ইত্যাদির মেরামত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিকর্তৃক নিশ্চিত করতে হবে। এগুলি কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তীকালে প্রয়োজনে যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায়
৩.১.২) প্রকল্পের রেকর্ড অনুযায়ী ডরমেটরির সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য এলসিডি টিভি৮টি, খাট ১১৪টি, ড্রেসিং মিরর ৪৫টি, রিডিং টেবিল ১১৫টি, রিডিং চেয়ার ১১৯টি,	ঐ

সমস্যা	সুপারিশ
ক্যাবিনেট ৭৯টি, ম্যাট্রেস ১১৫টি, তোষক ১০৫টি, বেডশীট ১১৬টি, বেডকভার ১০৫টি, বালিশ-১২১, কভারসহ বালিশ ২৪২টি, সোফা ০৮সেট, সাইড টেবিল-৪টি, ডাইনিং টেবিল-২০টি, ডাইনিং চেয়ার৮০টি,কম্পিউটার টেবিল-০৫টি, মাল্টি পারপাস সেলফ-০৪টি, স্টীল আলমিরা-০২টি, স্টীল কেবিনেট-০২টি রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়।	
৩.১.৩) একাডেমির জিমন্যাসিয়ামটি আধুনিকায়ণের জন্য ব্যায়ামের সরঞ্জামসহ অভ্যন্তরীণ খেলার সামগ্রী সরবরাহ করা হয়েছে। সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপানের জন্য সৌর প্যানেল স্থাপন এবং ১টি লিফ্ট স্থাপন করা হয়েছে।	ঐ
৩.১.৪) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৫ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। সকল প্রকল্প পরিচালক খন্ডকালীন হিসাবে দায়িত্ব পালন করেন। বারবার প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।	৩.১.৪) প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করা এবংপ্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে;
৩.১.৫) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির সক্ষমতা বৃদ্ধির জন্য সৃষ্ট সুযোগ-সুবিধাদি টেকসই করার নিমিত্ত ইক্যুইপমেন্টসমূহ রাজস্ব খাতের আওতাভূক্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী থেকে জানানো হয়।	৩.১.৫) প্রকল্পের আওতায় সৃষ্ট সকল আইটি সুযোগ-সুবিধা টেকসই করার জন্য সহায়ক আইটি সেক্টরের জনবল স্থায়ীভাবে নিয়োগসহ প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে হবে;
৩.১.৬)প্রকল্পটি বাস্তবায়ন করতে মোট ৫ বছর ৮ মাস সময় লেগেছে। মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ২ বছর ৮ মাস থাকলেও সংশোধন করে বাস্তবায়নকাল আরও ৩ বছর বাড়ানো হয়।	৩.১.৬)মূল প্রকল্পটি ২ বছর ৮ মাস মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ৩ বছর মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পটি মোট ৫ বছর ৮ মাস চলমান থাকে। সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/পরিচালন ইত্যাদি)বৃদ্ধি পায়। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করা বাঞ্চনীয়। ভবিষ্যতে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন;
৩.১.৭) এনএপিডি'র নিজস্ব জনবল, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফরের আয়োজনকরা হয়েছে।	৩.১.৭) এনএপিডি কতৃকপরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে লব্ধ জ্ঞান ব্যবহারের জন্য প্রশিক্ষকগণদের বদলী যথাসম্ভব পরিহার করতে হবে;
৩.১.৮)প্রকল্প চলাকালীন প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগ হতে কোন পর্যায়ের কর্মকর্তা কখনই প্রকল্পটি পরিদর্শন করেনি।	৩.১.৮) সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে;

ভৌত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী শক্তিশালীকরণ (২য় পর্যায়) - শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১.০ প্রকল্পের নাম : ভৌত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী শক্তিশালীকরণ (২য় পর্যায়)।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি।

৪.০ প্রকল্পের অবস্থান : ঢাকা।

৫.০ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত মূল্য		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫২৯.০০	১৯০৮.৮৫	১৮৬০.২০	নভেম্বর ২০১০ হতে ৩০ জুন ২০১৩	নভেম্বর ২০১০ হতে ৩০ জুন ২০১৬	নভেম্বর ২০১০ হতে ৩০ জুন ২০১৬	৩৩১.২০ (২১.৬৬%)	৩ বছর (১১২.৫%)

- প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের পটভূমিঃ

১৬০ মিলিয়নের অধিক জনসংখ্যার দেশ এই বাংলাদেশ। বিশ্বের প্রায় ১/৫০ ভাগ জনসংখ্যা এ দেশে বাস করলেও ভূমির পরিমান বিশ্বের ১/৩০০০ ভাগ মাত্র। এ বিশাল জনগোষ্ঠিকে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদে পরিণত করে দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অজনের নিমিত্ত প্রজাতন্ত্রের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রয়োজন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)প্রায় ৩৫ বছর যাবত সরকারি, আধাসরকারি, অসরকারি, স্বায়ত্বসাশিত ও এনজিও প্রতিষ্ঠানে কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে অত্যন্ত সুনামের সংগে প্রশিক্ষণ প্রদান করে আসছে। প্রশিক্ষিত কর্মকর্তাগণ উন্নয়ন কার্যক্রমের প্রক্রিয়াগুলো সহজেই বাস্তবায়ন করতে পারে। এনএপিডি'র প্রশিক্ষণ কারিকুলামে **SDGs**, **7th Five Year Plan**, **Vision 2021** & **Digital Bangladesh Concept of the Government** বাস্তবায়নের জন্য বিভিন্ন বিষয় অন্তর্ভূক্ত আছে। জাতিসংঘের ঘোষণা অনুযায়ী জানুয়ারি, ২০১৬ হতে পরবর্তী ১৫ বছর উন্নত ও উন্নয়নশীল দেশের জন্য কার্যকর হবে। **SDGs** এর প্রধান উদ্দেশ্যাবলির মধ্যে রয়েছে- দারিদ্র্য বিমোচন, বিশ্বকে সুরক্ষা করা এবং মানুষের শন্তিময় ও প্রসারময় জীবন ব্যবস্থা প্রদান করা। এনএপিডি এ সমস্ত পরিকল্পনা বাস্তবায়নে দক্ষ কর্মকর্তা গড়ে তোলার জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করে থাকে।

এনএপিডি নিয়মিতভাবে বিভিন্ন বিষয়ের উপর ২৫টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করে থাকে। একই সংগে সরকারের চলমান বিভিন্ন ইস্যুর উপর সেমিনার/কর্মশালা, সভা ইত্যাদি আয়োজন করে থাকে। এনএপিডি'র অবকাঠামো উন্নয়ন, প্রশিক্ষণ যন্ত্রপাতি সংগ্রহ, মানব সম্পদ উন্নয়ন ইত্যাদি বিষয় নিশ্চিত করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ প্রকল্পেরউদ্দেশ্যঃ

- বিজ্ঞ ও দক্ষ সরকারি কর্মকর্তাদের মাধ্যমে দেশের উন্নয়ন পরিকল্পনা ও ব্যবস্থাপনার গুনগতমান বৃদ্ধি;
- তথ্যপ্রযুক্তির মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি কল্পে এনএপিডি'র সক্ষমতা বৃদ্ধি;
- জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির প্রয়োজনে পরিবেশ বান্ধব পূর্ত নির্মান, বিভিন্ন ভবনের মেরামত, সংস্কার ও নবীকরণ;
- উন্নয়ন সমস্যার ওপর প্রয়োগিক গবেষণা পরিচালনা; এবং
- এনএপিডি'র নিজস্ব জনবল, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফরের আয়োজন।

৬.৩ প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ:

(১) স্থানীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ, সেমিনার;
(২) বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফর;
(৩) ৩য় কম্পিউটার ল্যাব স্থাপন;
(৪) ভিডিও কনফারেন্সিং ও অডিওভিজুয়াল যন্ত্রপাতি;
(৫) মাল্টিমিডিয়া প্রজেক্টর;
(৬) জেনারেটরেরজেনারেটরের অটো সুইচ ও ক্যানোপি;
(৭) লেন ও ওয়ারলেস নেটওয়ার্কিং
(৮) এসি, সাভার
(৯) সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন
(১০) খাট, ড্রেসিংমিরর, রিডিংটেবিল, রিডিংচেয়ার, ক্যাবিনেট
(১১) ব্যায়ামাগারের অভ্যন্তরীণ খেলার সরঞ্জামইত্যাদি।

৭.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি: (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		পরিমান	আর্থিক	আর্থিক (%)	বাস্তব (%)
১	স্থানীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ, সেমিনারএবংঅন্যান্য	৮০০- ১০০০জন	১০.০০	১০.০০ (১০০%)	৮০০- ১০০০ জন (১০০%)
২	বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফর	৩০ টি প্রশিক্ষণ ও ৩০ টি শিক্ষা সফর	৩৩৩.৫০	৩৩৩.৫০ (১০০%)	৩০ টি প্রশিক্ষণ ও ৩০ টি শিক্ষা সফর (১০০%)
৩	গবেষণা	১০টি	২০.০০	২০.০০ (১০০%)	১০টি (১০০%)

ক্র: নং	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		পরিমান	আর্থিক	আর্থিক (%)	বাস্তব (%)
৪	সফ্টওয়ার সংগ্রহ	০৬টি	১২.০০	১২.০০ (১০০%)	০৬টি (১০০%)
৫	বিবিধ	থোক	২০.০০	১৯.৯০ (৯৯.৯৮%)	থোক (১০০%)
৬	যানবাহন (জীপ)	০১টি	৭৫.০০	৭৫.০০ (১০০%)	০১টি (১০০%)
৭	কম্পিউটার ল্যাব		১৯৫.৭২	১৯৫.৭২ (১০০%)	
৮	১ম কম্পিউটার ল্যাব				
৯	সার্ভার				
১০	মাল্টিমিডিয়া প্রজেক্টর				
১১	ল্যাংগুয়েজ ল্যাব আপগ্রেডেশন	১৫সেট	১৫.০০	১৫.০০ (১০০%)	১৫ সেট (১০০%)
১২	ভিডিও কনফারেন্সিং	০২সেট	৩০.০০	৩০.০০ (১০০%)	০২ সেট (১০০%)
১৩	অডিওভিজুয়াল যন্ত্রপাতি	থোক	৭৫.০০	৭৪.৮০ (১০০%)	থোক (১০০%)
১৪	এসি	১৮টি	৪০.০০	৪০.০০ (১০০%)	১৮ টি (১০০%)
১৫	জেনারেটরের অটো সুইচ ও ক্যানোপি	১ইউনিট	১০.০০	১০.০০ (১০০%)	১ ইউনিট (১০০%)
১৬	স্যুইচগিয়ারওঅন্যান্যপ্রতিস্থাপন	১ইউনিট	২০.০০	২০.০০ (১০০%)	১ ইউনিট (১০০%)
১৭	ডরমিটরীর জন্য এলসিডি টিভি	০৮টি	৭.০০	৭.০০ (১০০%)	০৮ টি (১০০%)
১৮	পাম্প মোটর সরবরাহ	০৮সেট	১০.০০	১০.০০ (১০০%)	০৮ সেট (১০০%)
১৯	লেন ও ওয়ারলেস নেটওয়ার্কিং	সমগ্রক্যাম্পাস	৩১.০০	৩১.০০ (১০০%)	সমগ্র ক্যাম্পাস
২০	পানিবিশুদ্ধকরণসরঞ্জাম	২০সেট	৬.০০	৬.০০ (১০০%)	২০ সেট (১০০%)
২১	ইলেকট্রিক যন্ত্রপাতিওরিনোভেশন		৭৫.০০	৭৫.০০ (১০০%)	
২২	লিফ্ট	০১টি	৬০.০০	৬০.০০ (১০০%)	০১টি (১০০%)
২৩	আসবাবপত্র	থোক	১৮০.০০	১৮০.০০ (১০০%)	থোক (১০০%)
২৪	সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন	৩০কিলোওয়াট	৮৮.৫০	৮৮.৫০ (১০০%)	৩০ কিলোওয়াট (১০০%)
২৫	লাইব্রেরী উন্নয়ন	থোক	১৬.০০	১৬.০০ (১০০%)	থোক (১০০%)
২৬	অভ্যন্তরীণ খেলার সরঞ্জাম	থোক	৭.০০	৭.০০ (১০০%)	থোক (১০০%)
২৭	ভৌত নির্মাণ কাজ, ভবন সংস্কার মেরামত ও রক্ষণাক্ষেণ, বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার		৫২৪.০০	৫২৩.৭৮ (৯৯.৯৮%)	১০০%
		মোট =	**১৮৬০.৭২**	**১৮৬০.২০** (১০০%)	
		প্রাইজকন্টিনজেন্সি =	**৪৮.১৩**	**-**	
		সর্বমোট =	**১৯০৮.৮৫**	**১৮৬০.২০ (৯৭.৪৫)**	

৮.০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। প্রকল্পের অন্তর্ভুক্ত কোন গুরুত্বপূর্ণ কাজ অসমাপ্ত নেই।

৯.০ **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ (পিসিআর-এর তথ্য অনুযায়ী):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১০-২০১১	২২৬.০০	২২৬.০০	২২৬.০০
২০১১-২০১২	৫৫০.০	৫৫০.০	৫৫০.০
২০১২-২০১৩	৫৪৯.০০	৪৯১.৭৫	২৯২.৯০
২০১৩-২০১৪	২০৪.০০	২০৪.০০	১৮৪.৮০
২০১৪-২০১৫	৩৪৮.০০	৩৪৮.০০	৩০০.৫০
২০১৫-২০১৬	৩৫০.০০	৩০৬.০০	৩০৬.০০

১০.০ প্রকল্পের ক্রয় কার্যক্রম**(প্রকল্প অফিসের তথ্য অনুসারে):**

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	পরিমান/সংখ্যা	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	প্রকৃত মূল্য (লক্ষ টাকা)
১	যানবাহন (জীপ)	০১টি	৭৫.০০	৭৫.০০
২	৩য় কম্পিউটার ল্যাব	ডেস্কটপ ১১০টি, সার্ভার- ২টি, ল্যাপটপ-৩৪টি, ইউপিএস- ১২১ টি, এমএমপি-১৩ টি, মাল্টিমিডিয়া ক্যামেরা-৭টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-৭টি, প্রিন্টার-১৮টি, কম্পিউটার চেয়ার টেবিল-১০২ সেট, স্ক্যানার-১২ টি, ওয়েব ক্যামেরা-৬২ টি ;	১৯৫.৭২	১৯৫.৭২
৩	১ম কম্পিউটার ল্যাব			
৪	সার্ভার			
৫	মাল্টিমিডিয়া প্রজেক্টর			
৬	ল্যাংগুয়েজ ল্যাব আপগ্রেডেশন	১৫ স্টুডেন্ট বর্ধিতকরণ	১৫.০০	১৫.০০
৭	ভিডিও কনফারেন্সিং	০২ সেট	৩০.০০	৩০.০০
৮	অডিওভিজুয়াল যন্ত্রপাতি	এপ্লিফায়ার-৯টি, মাইক্রোফোন- ৪৭টি, স্পীকার-২০টি, রেক-০৮টি,	৭৫.০০	৭৫.০০
৯	এসি	১৮টি	৪০.০০	৪০.০০
১০	জেনারেটরের অটো সুইচ ও ক্যানোপি	১ইউনিট	১০.০০	১০.০০
১১	স্যুইচগিয়ারওঅন্যান্যপ্রতিস্থাপন	১ইউনিট	২০.০০	২০.০০
১২	ডরমিটরীর জন্য এলসিডি টিভি	০৮টি	৭.০০	৭.০০
১৩	পাম্প মোটর সরবরাহ	০৮সেট	১০.০০	১০.০০
১৪	লেন ও ওয়ারলেস নেটওয়ার্কিং	সমগ্র ক্যাম্পাস	৩১.০০	৩১.০০
১৫	পানিবিশুদ্ধকরণসরঞ্জাম	২০সেট	৬.০০	৬.০০
১৬	লিফ্ট	০১টি	৬০.০০	৬০.০০
১৭	আসবাবপত্র	খাট ১১৪টি, ড্রেসিং মিরর ৪৫টি, রিডিং টেবিল ১১৫টি, রিডিং চেয়ার১১৯টি, ক্যাবিনেট ৭৯টি, ম্যাট্রেস	১৮০.০০	১৮০.০০

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	পরিমান/সংখ্যা	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	প্রকৃত মূল্য (লক্ষ টাকা)
		১১৫টি, তোষক ১০৫টি, বেড শীট ১১৬টি, বেড কভার ১০৫টি, বালিশ-১২১, কভারসহ বালিশ২৪২টি, ক্লাশরুম টেবিল-৫০টি, চেয়ার ২৫৫টি, সোফা ০৮ সেট, সাইড টেবিল-৪টি, ডাইনিং টেবিল-২০টি, ডাইনিং চেয়ার ৮০টি, কর্মকর্তাদের টেবিল-২০টি, কর্মকর্তাদের চেয়ার-২৩টি, কম্পিউটার টেবিল-০৫টি, মাল্টিপারপাস সেলফ-০৪টি, স্টীল আলমিরা-০২টি, স্টীল ফাই কেবিনেট-০২টি		
১৮	সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন	৩০ কিলোওয়াট	৮৮.৫০	৮৮.৫০
১৯	লাইব্রেরী উন্নয়ন	বইক্রয়, বুক সেল্ফ ০৮টি, পড়ার টেবিল ০৬টি, চেয়ার ৪৩টি, পিতলের টব, আলমিরা ৮টি, সোফা ১সেট	১৬.০০	১৬.০০
২০	অভ্যন্তরীণ খেলার সরঞ্জাম	ট্রেডমিল-০৩টি, আধুনিক ট্রেডমিল-০১টি, ক্রস ট্রেইনার বাইক-০২টি, স্টেপার সুইং-০২টি, এবির কেট-০২টি, ইয়োগাবল-২০টি, ফিটনেস ম্যাসেঞ্জার-০২টি, মেগনেটবাইক-০২টি, ভোল্টেজ স্ট্যাবিলাইজার-০৩টি, ম্যাট-২০টি, টেনিসবোর্ড ও ষ্ট্যান্ড-০৩ সেট ইত্যাদি	৭.০০	৭.০০

১১.০ অডিট সংক্রান্তঃ

প্রকল্পের ২০১০-২০১১ সাল হতে ২০১৪-২০১৫ পর্যন্ত স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা দপ্তর কর্তৃক নিরীক্ষা সম্পন্ন হয়েছে। নিরীক্ষায় উত্থাপিত ভ্যাট ও আয়কর সংক্রান্ত ০১টি আপত্তি অনিষ্পন্ন আছে।

১২.০ পরিদর্শন পর্যবেক্ষণ:

গত ০৮.১২.২০১৬ তারিখে প্রকল্পটি আইএমইডি'র পরিচালক জনাব মো: শামীমুল হক কর্তৃক পরিদশন করা হয়। পরিদর্শনকালে উপ-প্রকল্প পরিচালক জনাব মো: হেলাল উদ্দিন এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো :

১২.১ প্রকল্পের তথ্য অনুসারে এনএপিডি'র সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার-১১০টি, সার্ভার-২টি, সার্ভার রেক-১, ল্যাপটপ-৩৪টি, ইউপিএস-১২১টি, এমএমপি-১৩টি, মাল্টিমিডিয়া ক্যামেরা-৭টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-৭টি, প্রজেক্টর ট্রলি-৩টি, ল্যাজার প্রিন্টার-১২টি, হ্যাভি ডিউটি লেজার প্রিন্টার-৪টি, কালার প্রিন্টার-২টি, কম্পিউটার চেয়ার টেবিল-১০২সেট, পেসকার্ড এন্ড প্ল্যাট-১৬০টি, স্ক্যানার-১২টি, ওয়েব ক্যামেরা-৬২টি, প্রেজেন্টার-২টি, স্পীকার-২টি, হেডফোন-৬২টি এবং অডিও ভিজুয়াল যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি, সরঞ্জাম, এবং মালামাল চুক্তিতে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহ করা হয়েছে বলে প্রকল্প কর্তৃপক্ষ জানায়।

মাল্টিমিডিয়া প্রজেক্টর

১২.২ প্রকল্পের রেকর্ড অনুযায়ী ডরমিটরীর জন্য ৮টি এলসিডি টিভি, খাট ১১৪টি, ড্রেসিং মিরর ৪৫টি, রিডিং টেবিল ১১৫টি, রিডিং চেয়ার ১১৯টি, ক্যাবিনেট ৭৯টি, ম্যাট্রেস ১১৫টি, তোষক ১০৫টি, বেডশীট ১১৬টি, বেডকভার ১০৫টি, বালিশ-১২১, কভারসহ বালিশ ২৪২টি, ক্লাশরুম টেবিল-৫০টি, চেয়ার ২৫৫টি, সোফা ০৮সেট, সাইড টেবিল-৪টি, ডাইনিং টেবিল-২০টি, ডাইনিং চেয়ার৮০টি, কর্মকর্তাদের টেবিল-২০টি, কর্মকর্তাদের চেয়ার-২৩টি, কম্পিউটার টেবিল-০৫টি, মাল্টি পারপাস সেলফ-০৪টি, স্টীল আলমিরা-০২টি, স্টীল ফাই কেবিনেট-০২টি সংগ্রহ করা হয়েছে। সরবরাহকৃত সামগ্রীর মান ভাল।

পানি বিশুদ্ধকরণ

১২.৩ প্রকল্পটি বাস্তবায়ন করতে মোট ৫ বছর ৮ মাস সময় লেগেছে। মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ছিল ২ বছর ৮ মাস, সংশোধন করে বাস্তবায়নকাল আরও ০৩ (তিন) বছর বাড়ানো হয় (১১২.৫%)।

১২.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৫ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীর ফলে বাস্তবায়ন কিছুটা বিলম্বিত হয়েছে।

১২.৫ সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপানের জন্য ৩০ কিলো্ওয়াট শক্তি সম্পন্ন সৌর প্যানেল ও ১টি লিফ্ট স্থাপন করা হয়েছে। এগুলো সচল আছে। ভবন সংস্কার ও মেরামত করা হয়েছে ৭৬৫১৪ বর্গফুট।

লিফট

সৌর প্যানেল

১২.৬ একাডেমির জিমন্যাসিয়ামটি আধুনিকায়ণের জন্য অভ্যন্তরীণ খেলার সরঞ্জাম যেমন ট্রেডমিল-০৩টি, আধুনিক ট্রেডমিল-০১টি, ক্রসট্রেইনার বাইক-০২টি, স্টেপার সুইং-০২টি, ইয়োগাবল-২০টি, ফিটনেস ম্যাসেঞ্জার-০২টি, মেগনেটবাইক-০২টি, ম্যাট-২০টি, টেনিসবোর্ড ও ষ্ট্যান্ড-০৩ সেট ইত্যাদি সংগ্রহ করা হয়েছে।

১২.৭ ২৬০ জনের স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, ২৪৫ জনের ওয়ার্কসপ, প্রায় ১০০০ জনের সেমিনার, ৩০ জনের বৈদেশিক প্রশিক্ষণ ও ৩০ জনের বৈদেশিক শিক্ষা সফরের আয়োজন করা হয়েছে।

১৩.০ প্রকল্প পরিচালক সম্পর্কিততথ্যঃ

ক্র:নং	নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
১)	ড. এম এ কামাল, মহাপরিচালক	খন্ডকালীন	২৬.১২.২০১০	১৪.০৭.২০১২
২)	জনাব এ কে এম আবদুল আউয়াল মজুমদার, মহাপরিচালক	খন্ডকালীন	০৭.০৮.২০১২	০৯.১২.২০০১৪
৩)	ড. খন্দকার শওকত হোসেন মহাপরিচালক	খন্ডকালীন	১০.১২.২০১৪	০১.০৪.২০১৫
৪)	জনাব কে এম মোজ্জাম্মেল হক মহাপরিচালক	খন্ডকালীন	০২.০৪.২০১৫	১২.০৫.২০১৬
৫)	কানিজ ফাতেমা এনডিসি মহাপরিচালক	খন্ডকালীন	১৬.০৫.২০১৬	৩০.০৬.২০১৬

প্রকল্পটি বাস্তবায়নে মোট পাঁচ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন এবংসকলেই খন্ডকালীন প্রকল্প পরিচালক ছিলেন।

১৪.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
ক)	তথ্যপ্রযুক্তির মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি কল্পে এনএপিডি'র সক্ষমতা বৃদ্ধি;	কম্পিউটার ল্যাব স্থাপন, সার্ভার, ভিডিও কনফারেন্স সিস্টেম, ল্যাংগুয়েজ ল্যাব, ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে যা এনএডিপি'র সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক হয়েছে বলে প্রতীয়মান হয়;
খ)	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির প্রয়োজনে পরিবেশ-বান্ধব পূর্ত নির্মান, বিভিন্ন ভবনের মেরামত ও সংস্কার;	অফিস, অডিটরিয়াম, ডায়নিং, ডরমিটরী ও ক্লাশরুমগুলো আধুনিকায়নের জন্য মেরামত ও সংস্কার করা হয়েছে। ফলে প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি পেয়েছে;
গ)	এনএপিডি'র নিজস্ব জনবল, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফরের আয়োজন; এবং	এনএপিডি'র নিজস্ব জনবল, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফর বাস্তবায়ন করা হয়েছে; এবং
ঘ)	বিজ্ঞ ও দক্ষ সরকারি কর্মকর্তাদের মাধ্যমে দেশের উন্নয়ন পরিকল্পনা ও ব্যবস্থাপনার গুনগতমান বৃদ্ধি করা।	স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে লব্ধ জ্ঞান প্রশিক্ষকগণ এনএপিডি কতৃকপরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ব্যবহার করছে মর্মে জানা গেছে।

১৫.০ আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৫.১ তথ্যপ্রযুক্তির মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকল্পে এনএপিডি'র প্রশিক্ষণ সংক্রান্তসক্ষমতা বৃদ্ধির নিমিত্ত কম্পিউটার ল্যাব স্থাপন, ডেস্কটপ কম্পিউটার-১১০টি, সার্ভার-২টি, ল্যাপটপ-৩৪টি, ইউপিএস-১২১টি, এমএমপি-১৩টি, মাল্টিমিডিয়া ক্যামেরা-৭টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-৭টি, ল্যাজার প্রিন্টার-১২টি, হ্যাভি ডিউটি লেজার প্রিন্টার-৪টি, কালার প্রিন্টার-২টি, কম্পিউটার চেয়ার টেবিল-১০২সেট, স্ক্যানার-১২টি, ওয়েব ক্যামেরা-৬২টিএবংঅডিওভিজুয়াল যন্ত্রপাতি সরবরাহ করার রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়;

১৫.২ প্রকল্পের রেকর্ড অনুযায়ী ডরমেটরির সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য এলসিডি টিভি৮টি, খাট ১১৪টি, ড্রেসিং মিরর ৪৫টি, রিডিং টেবিল ১১৫টি, রিডিং চেয়ার ১১৯টি, ক্যাবিনেট ৭৯টি, ম্যাট্রেস ১১৫টি, তোষক ১০৫টি, বেডশীট ১১৬টি, বেডকভার ১০৫টি, বালিশ-১২১, কভারসহ বালিশ ২৪২টি, সোফা ০৮সেট, সাইড টেবিল-৪টি, ডাইনিং টেবিল-২০টি, ডাইনিং চেয়ার৮০টি,কম্পিউটার টেবিল-০৫টি, মাল্টি পারপাস সেলফ-০৪টি, স্টীল আলমিরা-০২টি, স্টীল কেবিনেট-০২টি রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়;

৫.৩ একাডেমির জিমন্যাসিয়ামটি আধুনিকায়ণের জন্য ব্যায়ামের সরঞ্জামসহ অভ্যন্তরীণ খেলার সামগ্রী সরবরাহ করা হয়েছে। সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপানের জন্য সৌর প্যানেল স্থাপন এবং ১টি লিফ্ট স্থাপন করা হয়েছে;

১৫.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৫ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। সকল প্রকল্প পরিচালক খন্ডকালীন হিসাবে দায়িত্ব পালন করেন। বারবার প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে;

১৫.৫ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির সক্ষমতা বৃদ্ধির জন্য সৃষ্ট সুযোগ-সুবিধাদি টেকসই করার নিমিত্ত ইক্যুইপমেন্টসমূহ রাজস্ব খাতের আওতাভূক্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী থেকে জানানো হয়।

১৫.৬ প্রকল্পটি বাস্তবায়ন করতে মোট ৫ বছর ৮ মাস সময় লেগেছে। মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ২ বছর ৮ মাস থাকলেও সংশোধন করে বাস্তবায়নকাল আরও ৩ বছর বাড়ানো হয়।

১৫.৭ এনএপিডি'র নিজস্ব জনবল, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে স্থানীয় স্বল্পমেয়াদী প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফরের আয়োজনকরা হয়েছে।

১৫.৮ প্রকল্প চলাকালীন প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগ হতে কোন পর্যায়ের কর্মকর্তা কখনই প্রকল্পটি পরিদর্শন করেনি।

১৬.০ **সুপারিশ:**

১৬.১ মূল প্রকল্পটি ২ বছর ৮ মাস মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ৩ বছর মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পটি মোট ৫ বছর ৮ মাস চলমান থাকে। সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/পরিচালন ইত্যাদি)বৃদ্ধি পায়। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করা বাঞ্চনীয়। ভবিষ্যতে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন ; (অনুচ্ছেদ-১৫.৬);

১৬.২ সরবরাহকৃত ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, এসি, ফ্যাক্স মেশিন, ভল্টেজ স্টেবলাইজার, স্ক্যানার, সার্ভার এবং বেক-আপ ডিভাইস, ভিডিও কনভারেন্স ডিভাইস, স্ক্রিনসহ প্রোজেক্টর, সৌর প্যানেল, লিফট ইত্যাদির মেরামত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিকর্তৃক নিশ্চিত করতে হবে। এগুলি কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তীকালে প্রয়োজনে যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায় (অনুচ্ছেদ-১৫.১, ১৫.২ ও ১৫.৩);

১৬.৩ প্রকল্পের আওতায় সৃষ্ট সকল আইটি সুযোগ-সুবিধা টেকসই করার জন্য সহায়ক আইটি সেক্টরের জনবল স্থায়ীভাবে নিয়োগসহ প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৫.৩);

১৬.৪ প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করা এবংপ্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে (অনুচ্ছেদ-১২.০);

১৬.৫ এনএপিডি কতৃকপরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে লব্ধ জ্ঞান ব্যবহারের জন্য প্রশিক্ষকগণদের বদলী যথাসম্ভব পরিহার করতে হবে (অনুচ্ছেদ-১৫.৭);

১৬.৬ সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে (অনুচ্ছেদ-১৫.৮);

১৬.৭ অনুচ্ছেদ ১৬.১-১৬.৬ এর আলোকে গৃহীত কার্যাবলী/মতামত আগামী ০১(এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

Construction of Bank Building, Day Care Centre, Police Barrack, Garage and Post Office at Planning Commission Campus, Sher-e-Bangla Nagar, Dhaka -শীর্ষক বিনিয়োগ প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের অবস্থান: পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২। মন্ত্রণালয়/বিভাগ: পরিকল্পনা মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত বিভাগ (পিডব্লিউডি)।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: (লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %	অতিক্রান্ত সময় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %
মূল মোট টাকা	সর্বশেষ সংশোধিত মোট টাকা		মূল	সর্বশেষ সংশোধিত			
৪৩১.৭২	-	৪০৬.১৩	জুলাই/২০১৫ হতে জুন/২০১৬	-	নভেম্বর/২০১৫ হতে জুন/২০১৬	-	-
৪৩১.৭২	-	৪০৬.১৩		-		-	-

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে:

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১.	স্টেশনারী, স্ট্যাম্পস, সীল ইত্যাদি	-	-	১.৫০	-	১.৫০
২.	প্রচার ও বিজ্ঞাপন	-	-	০.৫০	-	০.৫০
৩.	সম্মানী	-	-	০.৫০	-	০.৫০
৪.	শ্রমিকদের বেতন	-	-	৬.০০	-	৬.০০
৫.	অন্যান্য	-	-	১.৫০	-	১.৫০
৬.	ফাউন্ডেশন কস্ট	বর্গফুট	-	৭২.১২	৩০৩৮.৯০	৩৮৬.৮৭
৭.	সুপার স্ট্রাকচার	বর্গফুট	-	১৫৭.৭১		
৮.	রুফটপ, আরসিসি, প্যারাপেট, রুফটপ লাইম টেরাসিং, ইন্টারনাল স্যানিটারী এন্ড ওয়াটার সাপ্লাই,	বর্গফুট	-	১৪১.৬৩		

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	উডেন ওয়াল প্যানেল, কন্সট্রাকশন অব টয়লেট					
৯	ইলেক্ট্রিফিকেশন	থোক	-	৪১.১০		
১০	গ্যাস কানেকশন	-	-	২.৮৯		
১১	সয়েল টেস্ট	-	-	১.০০	-	১.০০
১২	প্রাইস কন্টিনজেন্সি	-	-	৪.১৩	-	৪.১৩
১৩	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	-	৪.১৩	-	৪.১৩
			সর্বমোট	৪৩১.৭২		৪০৬.১৩

৬। প্রকল্পের উদ্দেশ্য:

ক) পরিকল্পনা কমিশন চত্বরের ব্যাংক ভবন, ডে কেয়ার, পুলিশ ব্যারাক, গ্যারেজ এবং পোস্ট অফিস নির্মাণ করা;
খ) জনগণকে উন্নত সেবা প্রদানের জন্য পরিকল্পনা কমিশন চত্বরকে অবকাঠামো সুবিধায় সজ্জিত করা;
গ) পরিকল্পনা কমিশন চত্বরে সহজ ও নিরাপদ ব্যাংকিং সুবিধা নিশ্চিত করা;
ঘ) পুলিশ এবং কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য সুবিধাদি সৃষ্টি করা।

৭। প্রকল্পের অনুমোদন সংক্রান্ত:

প্রকল্পটির উপর ২৮/০৭/২০১৫ খ্রি: তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশ অনুযায়ী পুণর্গঠিত ডিপিপি ৪৩১.৭২ লক্ষ টাকা (যার সম্পূর্ণটাই জিওবি) প্রাক্কলিত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ১৪/০৯/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৮। বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় (পিসিআর হতে প্রাপ্ত তথ্য:

(লক্ষ টাকায়)

অর্থবছর	এডিপি বরাদ্দ		অবমুক্তি	ব্যয়	
	মোট (GOB)	টাকা		মোট (GOB)	টাকা
২০১৫-২০১৬	৪৩১.৭২	৪৩১.৭২	৪৩১.৭২	৪০৬.১৩	৪০৬.১৩

৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের মেয়াদকাল
১	মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, উপ-সচিব	২১/০৭/২০১৫ হতে ৩০/০৬/২০১৬ অতিরিক্ত দায়িত্ব

১০। প্রকল্প মূল্যায়ন পদ্ধতি:

প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি ও পিসিআর পর্যালোচনা;

খ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য;

গ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

ঘ) প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে সম্পাদিত দরপত্র সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা।

১১। প্রকল্পের মূল কার্যক্রম: পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস চত্বরে-

ক) একটিএকতলা ডেকেয়ার,
খ) একটি একতলা পুলিশ ব্যারাক,
গ) একটি একতলা গ্যারেজ ও
ঘ) একটি একতলা ব্যাংক ভবন ও পোস্ট অফিস নির্মাণ।

১২। প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
ক) ব্যাংক বিল্ডিং, ডেকেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক, গ্যারেজ এবং পোস্ট অফিস নির্মাণ।	আলোচ্য প্রকল্পের আওতায় অনুমোদিত স্থাপত্য ও কাঠামোগত নকশা অনুযায়ী পরিকল্পনা মন্ত্রনালয় চত্বরে ব্যাংক বিল্ডিং, ডেকেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক, গ্যারেজ, এবং পোস্ট অফিস নির্মান করা হয়েছে।
খ) জনগণকে অধিকতর সেবা প্রদানের উদ্দেশ্যে অবকাঠামো সুসজ্জিতকরণ	পরিকল্পনা মন্ত্রনালয়ে প্রকল্প অনুমোদন/সংশোধন সংক্রান্ত সকল কার্যাবলী সম্পাদিত হয়ে থাকে। ফলে সেবা গ্রহীতাদের মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অবকাঠামো গুলোর আধুনিকায়নপ্রয়োজন। এ প্রয়োজনীয়তা অনুধাবন করে বাস্তবতার নিরিখে এ প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনাসমূহ অবকাঠামোগত সুবিধাবৃদ্ধিতে অবদান রেখেছে।
গ) পরিকল্পনা কমিশন চত্বরে সহজ ও নিরাপদ ব্যাংকিং সুবিধা নিশ্চিত করা।	নিরাপদ ও সহজ ব্যাংকিং নিশ্চিতকরণের লক্ষ্যে এর অন্যতম নিয়ামক হলো ব্যাংকের অবস্থান ও পরিবেশের নিরাপত্তা নিশ্চিত করা।নতুন ব্যাংক ভবনের মাধ্যমে ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম পূর্বের চেয়ে আরো বেশি নিরাপত্তার সাথে সম্পাদন করা যাচ্ছে। এছাড়া ব্যাংকে আগত সেবা গ্রহীতারাবিশেষতঃ পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ পূর্বের তুলনায় নিরাপদ পরিবেশে সেবা গ্রহণ করতে পারছেন।
ঘ) পুলিশ এবং কর্মকর্তা/ কর্মচারীদের সন্তানদের জন্য সুবিধাদি সৃষ্টি করা।	পরিকল্পনা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা তাদের সন্তানদের জন্য ডে কেয়ারের মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে পূর্বের তুলনায় অপেক্ষাকৃত পেশাদার ও মানসম্মত ডেকেয়ার সেন্টার হতে সেবা গ্রহণ করছেন। নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে শিশুদের অবস্থানের ফলে অভিভাবকগণ নিশ্চিত মনে তাদের কর্মে মনোনিবেশ করতে পারছেন। ফলে সঠিকভাবে অফিসের কর্ম পরিবেশ ও কাজের মান বৃদ্ধি পেয়েছে। এছাড়া ডে কেয়ার সেন্টার থাকায় পরিকল্পনা মন্ত্রণালয়ের অবকাঠামোগত সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে। ফলে অনেক কর্মকর্তাই এখানে কাজ করতে আগ্রহী হচ্ছেন।

১৩ আইএমইডির পর্যবেক্ষণ ও পরিলক্ষিত সমস্যা:

১৩.১ প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ০৯/১০/২০১৭ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করা হয়। পরিদর্শনের সময় গণপূর্ত বিভাগের উপ-সহকারী প্রকৌশলী উপস্থিত ছিলেন।

১৩.২ পরিকল্পনা কমিশন চত্বরের বিদ্যমান অবকাঠামোকে আরও সুসজ্জিত করার মাধ্যমে আরও উন্নত সেবা প্রদানের লক্ষে আলোচ্য প্রকল্পের আওতায় পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে ব্যাংক ভবন, পোস্ট অফিস, ডে কেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক ও গ্যারেজ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রকল্পটি পরিকল্পনা বিভাগের উদ্যোগে গ্রহণ করা হয়েছে তবে প্রকল্পের ভৌত কার্যক্রম ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিদপ্তরকে ন্যস্ত করা হয়।

গ্যারেজডে কেয়ার সেন্টার

১৩.৩ বর্ণিতপ্রকল্পের দরপত্র সংক্রান্ত কাগজপত্র পরীক্ষান্তে দেখা যায় যে, ব্যাংক বিল্ডিং, ডে কেয়ার সেন্টার,পুলিশ ব্যারাক, গ্যারেজ এবং পোস্ট অফিসের জন্য পৃথক দুটি প্যাকেজের মাধ্যমে দৈনিক জনকণ্ঠ পত্রিকায় ২১/০৯/২০১৫ খ্রি. তারিখে এবং দি ডেইলি স্টার পত্রিকায় ২১/০৯/২০১৫ খ্রি. তারিখে উন্মুক্ত দরপত্র আহবান করা হয়। নির্বাচিত দরদাতা প্রতিষ্ঠানকে Notification of Award (NOA) দেয়া হয় ১১/১০/২০১৫ খ্রি. তারিখে, যার প্রেক্ষিতে ১২/১১/২০১৫খ্রি. তারিখে চুক্তি স্বাক্ষিরিত হয়। কার্যাদেশের চুক্তি অনুযায়ী ঠিকাদার ১০/০৫/২০১৬ খ্রি. তারিখে নির্মাণ কাজ সমাপ্ত করে।

১৩.৪ পরিদর্শনে দেখা যায় যে, Architectural Departmentকর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী ব্যাংক ভবন, পোস্ট অফিস, ডে-কেয়ার সেন্টার, পুলিশ ব্যারাক ও গ্যারেজ নির্মাণ করা হয়েছে।ব্যাংক ব্লিডিং এর একতলা হিসেবে ২৫৩৫ বর্গফুট, ডে কেয়ার সেন্টার ১৩২০ বর্গফুট, পুলিশ ব্যারাকের নীচতলা ১৯৪০ বর্গফুট, গ্যারেজ ২৮৭৪ বর্গফুট এবং পোষ্ট অফিস ৩১৭ বর্গফুট নির্মাণ করা হয়েছে। স্থাপত্য ও কাঠামোগত নকশা অনুযায়ী গ্যারেজটি নির্মাণ করা হলেও গ্যারেজের একাংশে একটি রুম তৈরি করা হয়েছে। এ কক্ষটি বর্তমানে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারীদের সমিতির অফিস কক্ষ হিসেবে ব্যবহৃত হচ্ছে। সব গুলো স্থাপনাই Shallow Foundation এর উপর Superstructure ক্যাটাগরী অনুসরণ করে নির্মাণ করা হয়েছে।

১৩.৫ ডেকেয়ার সেন্টারটি অনুমোদিত নকশা অনুযায়ী কিচেন, বাথরুম ও বাচ্চাদের খেলাধুলার স্থান রেখে তৈরি করা হয়েছে; তবে অনুমোদিত নকশায় র‍্যাম্প এর ব্যবস্থা থাকলে ও কোন র‍্যাম্প তৈরী করা হয়নি। ডেকেয়ার সেন্টারটি পরিদর্শনে দেখা যায় যে, ডে কেয়ার সেন্টারের বাহিরে বাচ্চাদের খেলাধুলার জন্য উম্মুক্ত জায়গার উপর কোন শেড নাথাকার কারণে শিশুরাও রোদ বৃষ্টিতে বাইরে খেলা ধুলা করতে পারেনা। এছাড়া, ডেকেয়ারে প্রবেশের মূল দরজার

উপর এবং থাই জানালার উপরেও কোন শেড নাথাকায় বৃষ্টির পানি ঘরেরভেতর ঢুকে যায়। ডেকেয়ারর্টির কিচেন এ কোন চিমনিনা থাকায় রান্না ঘরের ধোঁয়া সরাসরি ডাইনিং রুমে প্রবেশ করে ফলে শিশুদের অসুবিধা হয়। এছাড়া জিনিসপত্র রাখার জন্য বোর্ডের তৈরী কাবার্ডের দরজাগুলোর হ্যান্ডের আলগা হয়ে যাবার ফলে বাচ্চারা এটা সহজেই খুলে ফেলে। ডে কেয়ারে বর্তমানের ৩০ জন শিশুকে নিয়মিত সেবা দেয়া হচ্ছে। ৩০ জন শিশুর ব্যবহারের জন্য ০১টি মাত্র টয়লেট পর্যাপ্ত নয়। এছাড়া ৩০ জন শিশুর স্থান সংকুলানও কষ্টকর।

১৩.৬ ১৭-১৮ নং ব্লকের ডানপার্শ্বে অবস্থিত ফাঁকা জায়গা ও পরিত্যাক্ত গ্যারেজে বর্তমান গ্যারেজ ওপুলিশ ব্যারাক নির্মাণ করা হয়েছে। পোস্ট অফিস পরিদর্শনকালে পোস্ট অফিসের স্টাফ জানান যে পোস্ট অফিসের মূল প্রবেশ দ্বারেরবাহিরের দিকে শেড না থাকায় বৃষ্টির সময় অফিসের ভেতরে পানি ঢুকে। এছাড়া পোস্ট অফিসের বাথরুমের দেয়াল হতে পানি চুঁইয়ে পড়ে মর্মে তিনি পরিদর্শনকারী কর্মকর্তাকে অবহিত করেন।

১৪। সুপারিশ:

১৪.১রোদ ও বৃষ্টি হতে শিশুদের সুরক্ষার জন্য ও খেলাধুলার সুবিধার্থে ডে কেয়ার এর বাইরের দরজার সম্মুখভাগে শেড এবং ডে কেয়ার ভবনের থাই জানালার চারপাশে শেড নির্মান করতে হবে। এছাড়া কিচেন চিমনি স্থাপনসহ শিশুদের জিনিসপত্র রাখার কাবার্ডগুলোকে মেরামত করতে হবে।

১৪.২ অনুমোদিত নকশা অনুযায়ী ডে-কেয়ারটিতে র‍্যাম্প নির্মাণ না করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখবে।

১৪.৩ডে কেয়ারের টয়লেট শিশুদের জন্য পর্যাপ্ত না হওয়ায় আরেকটি টয়লেট জরুরী ভিত্তিতে নির্মান করা যায় কিনা এ বিষয়টি গণপূর্ত বিভাগ পরীক্ষা করে দেখবে।

১৪.৪পোস্ট অফিসের দেয়ালের যে স্থান হতে বৃষ্টির পানি চুঁইয়ে পড়ে সে স্থানগুলো অবিলম্বে মেরামত করতে হবে। এছাড়া পোস্ট অফিসের ভেতরের দলিলপত্রসহ কাগজপত্র বৃষ্টির পানি হতে সুরক্ষিত রাখার মূল দরজার বাইরে শেড নির্মান করতে হবে।

১৪.৫ ১৪.১ হতে ১৪.৪ অনুচ্ছেদে বর্ণিত দিকনির্দেশনার বিষয়ে মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ আগামী ০১(এক) মাসের মধ্যে আইএমইডিকে জানাতে হবে।

Up-Gradation of E/M (Electrical Mechanical) work and Arboriculture work of Planning Commission Campus

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের অবস্থান: পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মন্ত্রণালয়/বিভাগ: পরিকল্পনা মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত বিভাগ (পিডব্লিউডি)।

৪।প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা	পরিকল্পিত বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %	অতিক্রান্ত সময় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %
মূল মোট টাকা	সর্বশেষ সংশোধিত মোট টাকা		জুলাই/২০১৫ হতে জুন/২০১৬			
৮৯৮.৯৪	৮৯৮.৯৪	৮৯২.৩৭		জুলাই/২০১৫ হতে জুন/২০১৬	-	-
					-	-

৫। প্রকল্পের অংগ ভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এরভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	Supply and replacement of damaged under ground main cable of NEC building and necessary work	L.S	৮০.১২	-	৮০.১২	-
২	Supply and replacement of damaged service cable of building no 03, 04, 05, 06.	L.S	০৮.৮৮		০৮.৮৮	-
৩	Supply and replacement of damagedair cooler of different capacities in planning division.	L.S	৯৮.১৯	-	৯৮.১৯	-

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৪	Supply and replacement of damaged H.T swdsitchgeer, L.T switchgear, PFI and necessary works of 400 KVA sub-station.	L.S	১৬.৬৪	-	১৬.৬৪	-
৫	Supply and replacement of damaged duct pump motor set of 90 ton central AC and necessary work.	L.S	২৫.৩১	-	২৫.৩১	-
৬	Supply and replacement of damagedsub-main power line, central switch SPDB and necessary work of building no. 01-18 (GF to 2nd F) of planning commission complex.	L.S	৬৮.৯৩	-	৬৮.৯৩	-
৭	Supply and replacement of oil in x-former, different panel board and other necessary works.	L.S	১৫.৫৯	-	১৫.৫৯	-
৮	Supply and replacement of mental halide light and necessary works	L.S	১২.৮৯	-	১২.৮৯	-
৯	Supply and replacement of 2000 KVA Sub-Station in lieu of 800 KVA sub-station and other necessary works.	L.S	১০৩.৩৩	-	১০৩.৩৩	-
১০	Supply and installation of LC work of different building in planning commission campus.	L.S	৪৪.৫৮	-	৪৪.৫৮	-
১১	Supply and installation ofsecurity light and necessary work in planning commission campus.	L.S	১৯.১৫	-	১৯.১৫	-
১২	Supply and installation of damaged main service cable and necessary work west side building no. 03, 04, 05, 06, 11, 12, planning commission campus.	L.S	৫৯.৩৮	-	৫৯.৩৮	-
১৩	Supply and installation of damaged main service cable and necessary work east side building no 01, 02, 07, 08, 09, 10, 15, 16 of planning	L.S	৬৪.২১	-	৬৪.২১	-

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	commission campus.					
১৪	Supply and installation of CCTV camera system in planning commission campus.	L.S	১৬১.৯৯	-	১৬১.৯৯	-
১৫	Arboriculture work of planning commission campus.	L.S	৩৮.০০	-	৩৮.০০	-
১৬	Rough Estimate for construction of sub-station building at planning commission campus.	L.S	৪৬.৪৮	-	৪৬.৪৮	-
১৭	Construction of Pond at the campus of planning commission.	L.S	০৬.৫৭	-	N/A	-
১৮	Estimate for Dragon fruit plantation of planning commission campus.	L.S	১৪.৮৮	-	১৪.৮৮	-
১৯	Estimate for Landscaping and water body formation work (arboriculture) of planning commission campus.	L.S	০৮.৬২	-	০৮.৬২	-
২০	Work Contingency Cost.	L.S	৫.২০	-	৫.২০	-
	সর্বমোটঃ		৮৯৮.৯৪		৮৯২.৩৭*	

- প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৯.২৭% অর্থ ব্যয় হয়েছে এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৬। প্রকল্পের উদ্দেশ্য:

ক) বিদ্যুতের অপচয় রোধ করা;

খ) ভোল্টেজ উঠা নামার ঝুঁকি হতে সকল গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষা করা;

গ) আরামদায়ক কাজের পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যাপ্ত শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সরবরাহ করা;

ঘ) সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ;

ঙ) বিদ্যুতের চাহিদা হ্রাস করা;

চ) পরিকল্পনা কমিশন ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধন করা।

৭। প্রকল্পের অনুমোদন সংক্রান্ত:

প্রকল্পটির উপর ৩১/০৩/২০১৫ খ্রি: তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশ অনুযায়ী পুণর্গঠিত ডিপিপি ৮৯৮.৯৪ লক্ষ টাকা (যার সম্পূর্ণটাই জিওবি) প্রাক্কলিত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ২৭/০৫/২০১৫ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৮। বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় (পিসিআর হতে প্রাপ্ত তথ্য):

(লক্ষ টাকায়)

অর্থবছর	এডিপি বরাদ্দ		অবমুক্তি	ব্যয়	
	মোট	টাকা		মোট	টাকা
২০১৫-২০১৬	৮৯৮.৯৪	৮৯৮.৯৪	৮৯৮.৯৪	৮৯২.৩৭	৮৯২.৩৭

৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের মেয়াদকাল
১	এস. এম ফয়সাল আলম উপ-সচিব পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।	অতিরিক্ত দায়িত্ব

১০। <u>প্রকল্প মূল্যায়ন পদ্ধতি</u>:

প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি ও পিসিআর পর্যালোচনা;

খ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য;

গ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

ঘ) প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে সম্পাদিত দরপত্র সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা।

১১। প্রকল্পের মূল কার্যক্রম:

ক) এনসইসি ভবনের আন্ডারগ্রাউন্ড মূল কেবল এবং ৩, ৪, ৫, ও ৬, ১১, ১২ নং ভবনের নষ্ট ও অকেজো হয়ে যাওয়া service কেবল পুনঃস্থাপন ও মেরামত করা;

খ) পরিকল্পনা বিভাগের বিভিন্ন অফিসে অকেজো শীতাতপ যন্ত্র অপসারণ করে নতুন যন্ত্র সরবরাহ ও প্রতিস্থাপন করা;

গ) পুরাতন ৮০০ KVA সাব-স্টেশনটি অপসারণ করে একটি এক তলা ২০০০ KVA সাব-স্টেশন ভবন নির্মানসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা;

ঘ) পরিকল্পনা কমিশন চত্বরে CCTV ক্যামেরা স্থাপনসহ মেটাল হেলাইড ল্যাম্প ও সিকিউরিটি ল্যাম্প স্থাপন করা;

ঙ) পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে ড্রাগন ফুল গাছ লাগানো এবং আরবরিকালচার;

চ) পরিকল্পনা কমিশন ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধন করা।

১২। **প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
ক) বিদ্যুতের অপচয় রোধ করা	আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিদ্যুতের পুরানো, অকেজো ও মেরামত অযোগ্য লাইন, LT switch Gear, PFI ইত্যাদি পরিবর্তন সহ sub-Station নতুন ভাবে স্থাপন করা হয়েছে। ফলে লাইন এর ত্রুটিজনিত কারনে বিদ্যুতের অপচয় রোধ করা সম্ভব হয়েছে।
খ) ভোল্টেজ উঠা নামার ঝুঁকি হতে সকল গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষা করা	পূর্বের সংযোগকৃত বৈদ্যুতিক যন্ত্রপাতিগুলো অনেকদিনের পুরানো হওয়ায় load bearing capacity কমে গিয়েছিল। ফলে voltage উঠানামার কারনে নাজুক বৈদ্যুতিক লাইনগুলো ক্ষতিগ্রস্ত হয়। উপ সহকারী প্রকৌশলী ই/এম, গণপূর্ত বিভাগ শেরে বাংলা নগর, জানান এ প্রকল্পের মাধ্যমে স্থাপিত উচ্চ ক্ষমতা সম্পন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতিগুলো ভোল্টেজ উঠানামার সাথে বৈদ্যুতিক load বহনে সক্ষম হওয়ায় বৈদ্যুতিক যন্ত্রপাতিগুলো দীর্ঘদিন সার্ভিস দিতে পারবে।
গ) আরামদায়ক কাজের পরিবেশ নিশ্চিত করণের লক্ষ্যে পর্যাপ্ত শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা সরবরাহ করা	প্রকল্পের আওতায় পরিকল্পনা কমিশনের সদস্য (কৃষি), পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব, বিভাগ প্রধান (শিল্প ও শক্তি), ভৌত অবকাঠামো বিভাগের সদস্যসহ গুরুত্বপূর্ণ দপ্তরে সর্বমোট ৪৮টি নতুন এসি সরবরাহ করা হয়েছে। ফলে কর্মকর্তাগণ পূর্বের তুলনায় আরামদায়ক পরিবেশে তাদের কার্যাবলী সম্পাদন করতে পারছেন।
ঘ) সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি ভবনে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রতি সপ্তাহে একনেক সভা অনুষ্ঠিত হয়। এ চত্বরে মাননীয় অর্থমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী, সচিবসহ উধ্বর্তন কর্মকর্তাদের কার্যালয় অবস্থিত। ভবনগুলোতে প্রায় প্রতিদিনই দেশী-বিদেশী ডেলিগেট এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ বিভিন্ন মিটিং ও সেমিনারে অংশ নেন। ৩ তলা বিশিষ্ট ভবনগুলোতে বিদ্যুৎ সরবরাহের জন্য প্রতিটি ভবনের নীচ তলার সিঁড়ির নিচে একটি মেইন বৈদ্যুাতিক প্যানেল বোর্ড স্থাপন করা আছে। এতে সাব ফেজ/কনসিল্ড পদ্ধতিতে সাব-মেইন লাইন টেনে প্রতি তলায় ০৪টি করে ১২টি কাঠের/স্টিলের এসডিবি স্থাপন করা ছিল। দীর্ঘদিন ব্যবহারের ফলে সাব-মেইন লাইন ও মেশিনের কেবলগুলো জরাজীর্ণ হয়েছিল। এছাড়া কাঠের/স্টিলের তৈরি এসডিবি গুলোও পুরাতন হওয়ায় প্রতিটি ভবনে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু রাখতে অসুবিধা হচ্ছিল। এ প্রকল্পের মাধ্যমে বাস্তব চাহিদার উপর ভিত্তি করে প্রতিটি ভবনে সিঁড়ির নীচে স্থাপিত মেইন ডিস্ট্রিবিউশন বোর্ড হতে কনসিল্ড পদ্ধতিতে লাইন

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
	টেনে প্রতিটি ভবনে পোল ডিস্ট্রিবিউশন বোর্ড ও কনট্রোল সুইচ স্থাপন করা হয়েছে। ফলে ভবনগুলোতে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়েছে।
ঙ) বিদ্যুতের চাহিদা হ্রাস করা;	প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলীর মাধ্যমে বিদ্যুতের চাহিদা হ্রাস পেয়েছে কিনা এ বিষয়ে চাহিদা ও সরবরাহ সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্য উপাত্ত না থাকায় কোন ধারনা পাওয়া যায়নি।
চ) পরিকল্পনা কমিশন ক্যাম্পাসের সৌন্দর্য বর্ধন করা।	আলোচ্য প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসের পূর্ব ও পশ্চিম দিকে আরবরিকালচার করা হয়েছে। এ স্থানে ফুল, ফলগাছ লাগানোসহ গাছগুলোর সুরক্ষার জন্য চারপাশে বেড়া ও মাচা তৈরি করা হয়েছে। পূর্বের ঘাসগুলো তুলে ফেলে নতুন করে ঘাস লাগানো হয় এবং ঘাস কাটার জন্য ০২টি মেশিন ক্রয় করা হয়েছে। ফলে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে, দৃষ্টি নন্দন হয়েছে এবং সার্বিকভাবে কাজের জন্য সুন্দর পরিবেশের সৃষ্টি হয়েছে।

১৩। আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৩.১ পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে ৩১৫ KVA, ৮০০ KVA ক্ষমতা সম্পন্ন ০৩টি সাব-স্টেশন দীর্ঘ দিন ব্যবহারের ফলে জরাজীর্ণ ও পুরানো হয়ে যাওয়ায় বর্তমান বৈদ্যুতিক চাহিদা পূরণ করতে পারছিলনা। পুরানো এই সাব স্টেশনগুলোর সাহায্যে বর্তমান বিদ্যুতের চাহিদা সমন্বয় করার ফলে মেশিন গুলো over loaded হয়ে পড়ে। এ কারণে substation এর অনেক সুইচ এবং কেবল, IAT Gear Switch, LT Gear Switch ইত্যাদি নষ্ট হয়ে যায়। এছাড়া ভবনগুলোতে earthing এর ব্যবস্থা না থাকায় LC work করাও জরুরী হয়ে যায়। এ সকল বিবেচনায় পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস এলাকার বৈদ্যুতিক মেরামত ও রিনোভেশন কাজের জন্য এ প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী সরেজমিন পরিদর্শনের উদ্দেশ্যে গত ২৫/১০/২০১৭ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক নাসরীন সুলতানা কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হয়। প্রকল্প পরিদর্শনকালে গণপূর্ত বিভাগের সহকারী প্রকৌশলী উপস্থিত ছিলেন।

১৩.২ প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রম পর্যালোচনার জন্য দরপত্র সংক্রান্ত কাগজগুলো পরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, অনুমোদিত DPP এর ক্রয় পরিকল্পনা অনুযায়ী মোট ২০টি প্যাকেজে উন্মুক্ত দরপত্র আহবান করে প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়। এর মধ্যে ৩, ৪, ৫ এবং ৬ নং ভবনের পুরানো অকেজো service line পরিবর্তনের জন্য 'নিউ নেশন' পত্রিকায় ০৬/০১/১৬ তারিখে দরপত্র আহবান করা হয় । এর প্রেক্ষিতে চুক্তি স্বাক্ষরিত হয় ১৪/১৬/২০১৬ তারিখে। ৪৮টি এয়ারকুলার ক্রয়ের জন্য 'দৈনিক জনকণ্ঠ' পত্রিকায় দরপত্র আহবান করা হয় ১৬/০৯/২০১৫ তারিখে এবং চুক্তি সম্পাদিত হয় ০৮/০২/২০১৬ খ্রি. তারিখে। এছাড়া CCTV ক্যামেরা ক্রয়ের জন্য ২২/০৪/২০১৫ খ্রি. তারিখে দরপত্র আহবানের প্রেক্ষিতে রেসপন্সিভ দরদাতাকে NOA দেয়া হয় ২১/০৬/২০১৫ তারিখে।

১৩.৩ প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন ভবনে সর্বমোট ৪৮টি পুরোনো, অকেজো মেরামত অযোগ্য Window/split টাইপ Air cooler (AC) পরিবর্তন করে নতুন ৪৮টি এসি (ইনডোর ইউনিট (২২৫০০ হতে ২৪০০০BTU) এবং আউটডোর ইউনিট)ক্রয় ও স্থাপন করা হয়েছে। এনইসি ভবনের সিসিটিভি ক্যামেরা অপারেশন কক্ষের এসিগুলো পরীক্ষা করা হয়। দেখা যায় যে, এগুলো

চলমান রয়েছে। উপ সহকারী প্রকৌশলী ই/এম, গণপূর্ত বিভাগ শেরে বাংলা নগর, জানান প্রতিস্থাপিত ৪৮টি নতুন এসি বর্তমানে সচল রয়েছে এবং তেমন বড় ধরনের কোন মেরামতের প্রয়োজন ইতোমধ্যে হয়নি।

১৩.৪ প্রকল্পের আওতায় পূর্বের ৮০০ KVA সাবস্টেশনটি ২০০০ KVA বিশিষ্ট একটি সাব-স্টেশন নির্মাণপূর্বক প্রতিস্থাপন করা হয়েছে। সাব-স্টেশনটি মূল ক্যাম্পাসের উত্তরপার্শ্বে ব্লক ১১ এর পেছনদিকের ফাঁকা অংশে নির্মাণ করা হয়েছে। পিডব্লিউডির বর্তমান অফিসটি সংস্কার করা হচ্ছে বিধায় সাব-স্টেশন এ অস্থায়ীভাবে পিডব্লিউডি'র বৈদ্যুতিক অফিসের কার্যক্রম চলমান দেখা যায়। এছাড়া প্রকল্পের মাধ্যমে সাব-স্টেশনের বিভিন্ন Panel Board এ ব্যবহৃত তৈল পরিবর্তন করা হয়েছে। পিডব্লিউডি এর সহকারী প্রকৌশলী জানান সাব-স্টেশনটি বর্তমানে পূর্বের চেয়ে অনেক ভালো সার্ভিস দিচ্ছে।

১৩.৫ পরিকল্পনা কমিশন ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রতিটি ভবনের প্রবেশ মুখে ১টি ইনডোর/আউটডোর টাইপ ক্যামেরাসহ দুইটি গেটে ২টি করে PTZ ক্যামেরা, এনইসি ভবনের মেইন লবিতে ০২টি করে ক্যামেরা এবং মেইন গেট হতে এনইসি ভবন পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রবেশ পথে ৪টি PTZ ক্যামেরা, এস.এস.এফ এর কক্ষে ২টি করে সর্বমোট ৩৬টি ক্যামেরা, ৪টি ৫৫˜ টিভি মনিটরসহ Network Video Recorder (NVR),Media Converter ক্রয় ও স্থাপন করা হয়েছে। এনইসি ভবনে অবস্থিত সিসিটিভি ক্যামেরা নিয়ন্ত্রণ কক্ষটি পরিদর্শন করা হয়। দেখা যায় যে, বড় দুটো টিভি স্ক্রিনে সার্বক্ষণিক ডাটা রেকর্ড হচ্ছে এবং ভিডিও ক্যামেরা নিয়ন্ত্রণের জন্য উক্ত রুমে স্থাপনকৃত server টিও সচল আছে । সংশ্লিষ্ট কর্মকর্তা জানান এই ডাটাগুলো একমাসের জন্য সংরক্ষণ করা যায়। এরপর ডাটাগুলো (ছবি) অটোমেটিক ডিলিট হয়ে যায়। পুরানো ডাটাগুলো সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পৃথক সফটওয়্যার ও অবকাঠামো না থাকায় বর্তমানে পুরানো ডাটাগুলো সংরক্ষণ করা হচ্ছে না।

চিত্র-১: ১৭ নং ব্লকে স্থাপিত সিসি টিভি ক্যামেরা

চিত্র-২: সাব-স্টেশন

১৩.৬ এছাড়া প্রকল্পের আওতায় NEC ভবনের মাটির নিচের অকেজো ও পুড়ে যাওয়া মূল ক্যাবলগুলো নতুন PVC insulated and sheathed Cable (NYY) ক্যাবল দিয়ে প্রতিস্থাপন করা হয়েছে। । মাটির নিচে থাকায় এ কেবলগুলো পর্যবেক্ষণ করা সম্ভব হয়নি তবে কেবলের insertion pointএ কেবল লাগানো হয়েছে দেখা যায়। এছাড়া ভবন ১ হতে ১৮ পর্যন্ত পুরানো sub main power lineগুলোকে নতুন PVC insulated and sheathed Standard Cable (BYM) এবং PVC Insulated Green/White রংয়ের EEC দিয়ে প্রতিস্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস চত্বরের সৌন্দর্যবর্ধনের জন্য মাটি তৈরি করে ২০,৩৮০টি ঝোপ জাতীয়, সৌন্দর্যবর্ধক ফুল ও ফলগাছ লাগানো হয়েছে।

১৩.৭ পরিকল্পনা মন্ত্রণালয়ের দক্ষিণ পার্শ্বে ৩০˜-০˜ X ২০˜-০˜ X ৫০˜ সাইজের একটি জলাধার,জলাধারের চারপাশে Retaining wall ওFency grill নির্মানের বিষয়ে ডিপিপিতে অর্ন্তভুক্ত থাকলেও তা নির্মাণ করা হয়নি। এ বিষয়ে গণপূর্ত বিভাগের উপ সহকারী প্রকৌশলী (ই/এম) জানান পরবর্তীতে স্থানের সংকুলান না হওয়ায় জলাধার নির্মানের পরিকল্পনা বাতিল করা হয় এবং ডিপিপিতে প্রাক্কলিত পরিমান অর্থ ফেরত দেয়া হয়।

১৪। **<u>সুপারিশ</u>**:

(ক) সিসিটিভি ক্যামেরা কর্তৃক ধারণকৃত ১ (এক) মাসের বেশী পুরনো তথ্যসমূহ ভবিষ্যতে ব্যবহার ও রেকর্ড করার জন্য সফট্ওয়ার স্থাপন করতে হবে।

(খ) প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রম ই-জিপি পদ্ধতিতে সম্পন্ন করা উচিৎ ছিল, তবে তা করা হয়নি। ভবিষ্যতে এ ধরণের ক্রয় কার্যক্রমে ই-জিপি পদ্ধতি অনুসরণের জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) একাধিক পত্রিকায় দরপত্র আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশিত হলে গণপূর্ত বিভাগ হতে একটি মাত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে মর্মে তথ্য পাওয়া গিয়েছে। এতে দেখা যায় যে, তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনায় ত্রুটি রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(ঘ) নতুনভাবে সংযোগকৃত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রগুলোকে নিয়মিত সার্ভিসিং করতে হবে ও রক্ষণাবেক্ষণ করতে হবে।

(ঙ) প্রকল্প প্রণয়ন, সংশোধন ও এ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম এর গুরুত্ব বিবেচনায় পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল বিভাগের কার্যক্রমগুলো সুষ্ঠুভাবে সম্পাদন করা প্রয়োজন। এ লক্ষ্যে সকল কার্যক্রমের মূল চালিকা শক্তি বিদ্যুতের নিরবচ্ছিন্ন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। সার্বিকভাবে এ প্রকল্পের আওতায় সম্পাদিত ইলেকট্রিক্যাল, মেকানিকাল এর মাধ্যমে স্থাপিত নতুন যন্ত্রপাতিসমূহের সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ প্রয়োজন। গণপূর্ত বিভাগকে এ বিষয়ে তাদের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

Re-construction of Gates, Boundary wall and security room with ancillary facilities at planning commission campus, Sher-e-Bangla Nagar, Dhaka

-শীর্ষক বিনিয়োগ প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের অবস্থান: পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২। মন্ত্রণালয়/বিভাগ: পরিকল্পনা বিভাগ।

৩। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত বিভাগ (Public Works Department)।

৪।প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা	পরিকল্পিত বাস্তবায়ন		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %	অতিক্রান্ত সময় (মূল প্রাক্কলিত ব্যয়ের) %
মূল মোট টাকা	সর্বশেষ সংশোধিত মোট টাকা		মূল	সর্বশেষ সংশোধিত			
৮৫১.০৫	প্রযোজ্য নয়	৮২৯.৪০	জুলাই/২০১৫ হতে জুন/২০১৬	প্রযোজ্য নয়	জুলাই/২০১৫ হতে জুন/২০১৬	-	-
৮৫১.০৫						-	-

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এরভিত্তিতে):

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	জিওবি	মোট	বাস্তব	জিওবি	মোট
১	স্টেশনারী,স্ট্যাম্পস, সীল	-	-	১.৫০	১.৫০	-	-	-
২	প্রচার ও বিজ্ঞাপন	-	-	০.৫০	০.৫০	-	-	-
৩	সম্মানী	-	-	০.৫০	০.৫০	-	-	-
৪	অন্যান্য	-	-	১.৫০	১.৫০	-	-	-
	উপ-মোট	-	-	৪.০০	৪.০০	-	-	-
৫	কন্সট্রাকশন অব	-	-	৬৩৪.৩৬	৬৩৪.৩৬	-	৬৩৪.৩৬	৬৩৪.৩৬

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	জিওবি	মোট	বাস্তব	জিওবি	মোট
	বাউন্ডারী ওয়াল							
৬	সুপার স্ট্রাকচার অব গেট	-	-	৬৩.৭২	৬৩.৭২	-	১৯৫.০৪	১৯৫.০৪
৭	ফাউন্ডেশন অব গার্ডরুম, গেটস এন্ড ওয়েটিং রুম, রুফটপ আরসিসি প্যারাপেট, ইন্টারনাল স্যানিটারি এন্ড স্টেইনলেস স্টীল ওর্নামেন্টাল গেট উইথ লোগো	-	-	৭৩.৬৯	৭৩.৬৯	-		
৮	ইন্টারনাল ইলেকট্রিফিকেশন	-	-	৫.৬৩	৫.৬৩			
৯	এক্সটার্নাল ইলেকট্রিফিকেশন	-	-	৫২.০৫	৫২.০৫			
১০	মাটি পরীক্ষা	-	-	১.০০	১.০০	-	-	-
	প্রাইস কন্টিনজেন্সি	-	-	৮.৩০	৮.৩০	-	-	-
	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	-	৮.৩০	৮.৩০	-	-	-
				সর্বমোটঃ	৮৫১.০৫			৮২৯.৪০

৬। কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ:

প্রকল্পের আওতায় সম্পাদিত ব্যকোন কাজ অসমাপ্ত নেই।

৭। প্রকল্পের উদ্দেশ্য:

ক) পরিকল্পনা কমিশন চত্বরের মেইন গেইট, চারদিকের প্রাচীর, নিরাপত্তা কক্ষ, অভ্যর্থনা কক্ষ নির্মাণ।

খ) পরিকল্পনা কমিশন চত্বরকে অধিকতর নিরাপদকরণ এবং এ চত্বরের কর্মকর্তা/কর্মচারীসহ অভ্যাগতদের নিরাপত্তা নিশ্চিতকরণ।

গ) পরিকল্পনা কমিশন এলাকায় যান চলাচল নির্বিঘ্নকরণ।

ঘ) জনগণকে উন্নত সেবা প্রদানের জন্য পরিকল্পনা কমিশন চত্বর এলাকাকে আধুনিক ভৌত সুবিধায় সজ্জিতকরণ।

৮। প্রকল্পের অনুমোদন সংক্রান্ত:

প্রকল্পটির উপর গত ২৭/০৫/২০১৫ খ্রিঃ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি ৮৫১.০৫ লক্ষ টাকা (পুরোটাই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে মে, ২০১৫ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৪/০৭/২০১৫ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯। বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় (পিসিআর হতে প্রাপ্ত তথ্য)

অর্থবছর	এডিপি বরাদ্দ		অবমুক্তি	ব্যয়	
	মোট	টাকা (জিওবি)	টাকা	মোট	টাকা (জিওবি)
২০১৫-১৬	৮৫১.০৫	৮৫১.০৫	৮৫১.০৫	৮২৯.৪০	৮২৯.৪০

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের মেয়াদ	দায়িত্বের ধরন
	এস এম ফয়সাল আলম ডেপুটি সেক্রেটারী (PTC) পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	জুলাই/২০১৫ হতে জুন/২০১৬	অতিরিক্ত দায়িত্ব

১১। প্রকল্প মূল্যায়ন পদ্ধতি:

প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রকল্পের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি ও পিসিআর পর্যালোচনা;

খ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য;

গ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

ঘ) প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে সম্পাদিত দরপত্র সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা।

১২। প্রকল্পের মূল কার্যক্রম:

ক) পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে বাউন্ডারী দেয়ালসহ ০২টি গেইট নির্মাণ

খ) ওয়েটিং রুম, নিরাপত্তা কক্ষ নির্মাণ

গ) Baggage scanner, Metal detector এবং Road level Camera ক্রয় ও স্থাপন।

১৩। প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
ক) গার্ডরুম এবং ওয়েটিংরুমসহ গেইট এবং বাউন্ডারী দেয়াল নির্মাণ	ক) এ প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয় এলাকায় ১৬৫৫.৯৪ বর্গফুটের গার্ডরুম ও ওয়েটিংরুমসহ ৩৭৫৫.০০ Rft (Running Feet) বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হয়েছে
খ) পরিকল্পনা কমিশন এলাকার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা	খ) পরিকল্পনা মন্ত্রণালয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সভা বিশেষত একনেক ও এনইসি সভা অনুষ্ঠিত হয়। এ সকল সভায় মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রীবর্গসহ বিভিন্ন গণ্যমান্য কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এই গেইটির নির্মাণ নিরাপত্তা নিশ্চিত করেছে এবং পরিকল্পনা মন্ত্রণালয়কে সুরক্ষিত করেছে। এছাড়া বাউন্ডারী দেয়ালের দক্ষিণ ও পূর্ব দিকে ৪ ফুট উঁচু ফেন্সী গ্রীল স্থাপনের ফলে ময়লা আর্বজনা থেকে ও ক্যাম্পাসটি সুরক্ষিত রয়েছে।
গ) পরিকল্পনা কমিশন এলাকায় যানবাহনের সুষ্ঠু চলাচল নিশ্চিত করা	পরিকল্পনা কমিশন এলাকায় দৈনিক বিভিন্ন ধরনের শতাধিক যানবাহন প্রবেশ করে। নির্মিত এই গেইট দুটোর মাধ্যমে যানবাহনের প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রিত হয়ে থাকে। গেইটে অবস্থানরত গার্ডরা প্রতিটি যানবাহন এর গন্তব্য ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত হয়ে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসে প্রবেশের অনুমতি দিয়ে থাকেন। ফলে এই ক্যাম্পাসে যানবাহনের প্রবেশ ও প্রস্থান সুনিয়ন্ত্রিত ও সুষ্ঠুভাবে চলমান রয়ছে।
ঘ) জনগণকে উন্নতর সেবা প্রদানের লক্ষ্যে অবকাঠামো ব্যবস্থার উন্নতিকরণ	গেইট ও বাউন্ডারী দেয়াল তৈরির মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ের অবকাঠামোগত উন্নয়ন হয়েছে।

১৪। আইএমইডি'র পর্যবেক্ষণ ও পরিলক্ষিত সমস্যা:

১৪.১ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ০৯/১০/২০১৭ খ্রিঃ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা হয়। পরিদর্শনের সময় গণপূর্ত বিভাগের উপ-সহকারী প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৪.২ পরিকল্পনা কমিশন চত্বরে একনেক, এনইসিসহ অত্যন্ত গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়ে থাকে যেখানে মাননীয় প্রধানমন্ত্রীসহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকেন। এ সকল ব্যক্তিবর্গের নিরাপত্তা প্রদানের জন্য পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাসের চারদিকের দেয়াল আরও নিরাপদ ও সুদৃঢ় করে নির্মাণ, নিরাপত্তায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ যাতে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করতে পারেন সেজন্য গার্ডরুম, নিরাপত্তা কক্ষ, অভ্যর্থনা কক্ষ এবং দুইটি মেইন গেইট নির্মাণ করার পরিকল্পনা করা হয়।

বাউন্ডারী ওয়াল ও গার্ডরুমের একাংশ

১৪.৩ বর্ণিত কাজের দরপত্র সংক্রান্ত কাগজপত্র পরীক্ষান্তে দেখা যায় যে, মেইন গেইট, অভ্যর্থনা কক্ষ, নিরাপত্তা কক্ষ এবং গার্ডরুম নির্মাণ কাজের জন্য গত ০১/০৬/২০১৫ খ্রিঃ তারিখে দরপত্র আহ্বান করা হয়। দরপত্র আহ্বানের নিমিত্ত দৈনিক জনকন্ঠ, দৈনিক সকালের খবর এবং দি ডেইলি স্টার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয় ০৭/০৬/২০১৫ খ্রিঃ তারিখে রেসপন্সিভ দরদাতাকে NOA (Notification of Award) প্রদান করা ০৭/০৯/২০১৫ খ্রিঃ তারিখে যার প্রেক্ষিতে ঠিকাদার নির্মাণ কাজ শুরু করেন। নির্মাণ কাজ শেষ হয় ১৬/০৬/২০১৬ খ্রিঃ তারিখে।

১৪.৪ পরিদর্শনে দেখা যায় Architectural Department কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী গেইট, বাউন্ডারী দেয়াল, নিরাপত্তা কক্ষ ও গার্ডরুম তৈরি করা হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস চত্বরের চর্তুদিকে সিরামিক ইট দিয়ে ৩৪১৬.০০ Rft (Running feet) boundary wall নির্মাণ করা হয়েছে এবং একইসাথে ১৬৫৫.৯৪ বর্গমিটার গার্ডরুম, ওয়েটিংরুম ও অন্যান্য স্থাপনা তৈরি করা হয়েছে। বাউন্ডারী দেয়ালটির গড় উচ্চতা ২.৭৪ মিটার যার উপরে ফেন্সি গ্রিল দিয়ে বেড়া দেয়া হয়েছে। উল্লেখ্য পূর্বের যে বাউন্ডারী দেয়ালটি ছিল তা ভেঙ্গে Super structure মান অনুসরণ করে এই নতুন বাউন্ডারী দেয়ালটি নির্মাণ করা হয়েছে। নকশা অনুযায়ী মূল গেইট এর দরজায় স্টেইনলেস স্টিলের গেইট তৈরি করা হয়েছে। এছাড়া স্টেইনলেস স্টিলের গেইটের পাশে লোকজন বিশেষত কর্মকর্তা/কর্মচারীদের চলাফেরার জন্য স্টেইনলেস স্টিল দিয়ে আরো দুটো পকেট গেইট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে এই প্রকল্পের আওতায় নির্মিত পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রবেশের মূল গেইটটির সংস্কার কাজ চলমান থাকায় নকশা অনুযায়ী তৈরি ডিজাইনটি দেখা যায়নি। তবে দেখা যায়, এই প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত নকশার মূল কাঠামোকে ভিত্তি হিসেবে ধরে বর্তমানে রেভিনিউ বাজেটের আওতায় গেইটটি সংস্কার করা হচ্ছে। বিশেষত: ডিজাইনের ক্ষেত্রে এটিকে আরো নান্দনিক করা হচ্ছে।

১৪.৫ বাউন্ডারী দেয়াল, নিরাপত্তা কক্ষ ও ওয়েটিংরুম ছাড়াও এ প্রকল্পের আওতায় Archway Metal Detector, Baggage scanner এবং Road level camera ক্রয় ও স্থাপন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, Baggage scannerটি বর্তমানে অচল অবস্থায় পরে আছে তবে Metal Detector ও Road level Camera কাজ করছে।

১৫.০ সুপারিশঃ

১৫.১ পরিকল্পনা মন্ত্রণালয়ে ECNEC, এনইসি সভাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়- বিধায় এ মন্ত্রণালয়ে আগত অতিথিদের নিরাপত্তা নিশ্চিত করা করার লক্ষ্যে ব্যাগ তল্লাশি করার জন্য ব্যবহৃত ব্যাগেজ স্ক্যানার মেশিনটি জরুরীভিত্তিতে অবিলম্বে সচল করতে হবে। পরিকল্পনা বিভাগ নতুন মেশিন ক্রয় বা পুরানো মেশিনটি মেরামতের জন্য আশু ব্যবস্থা গ্রহন করবে।

১৫.২ পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস এলাকার নিরাপত্তা নিশ্চিত করনার্থে এবং আগত অতিথিবর্গ ও কর্মকর্তা/ কর্মচারীদের চলাচলের সুবিধার্থে নির্মিত বাউন্ডারী দেয়াল, গেইট ও গার্ডরুম এর কার্যকারিতা চলমান রাখার জন্য এগুলো নিয়মিতভাবে রক্ষণাবেক্ষন করতে হবে। এ বিষয়ে পরিকল্পনা বিভাগ নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং জোরদার করবে।

১৫.৩১৫.১ হতে ১৫.২ অনুচ্ছেদে বর্ণিত দিকনির্দেশনার বিষয়ে মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ আগামী ০১(এক) মাসের মধ্যে আইএমইডিকে জানাতে হবে।